

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়  
বাজেট শাখা  
[www.mole.gov.bd](http://www.mole.gov.bd)

বিষয়: “ বাজেট ব্যবস্থাপনা কমিটি”র সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব কে এম আব্দুস সালাম  
সচিব  
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়  
সভার তারিখ : ০৪/০১/২০২১ খ্রিঃ  
সময় : সকাল ১০.৩০ ঘটিকায়  
স্থান : শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের  
সভাকক্ষ।

সভায় কর্মকর্তাগণের উপস্থিতি: পরিশিষ্ট-ক

সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে যুগ্মসচিব (বাজেট) সভাকে অবহিত করেন যে, বর্তমানে ২০২০-২১ অর্থ-বছরে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় এবং এর আওতাধীন অধিদপ্তর/সংস্থাসমূহের অনুকূলে পরিচালন খাতে ১৩০,০০,০০,০০০/- (একশত ত্রিশ কোটি) টাকা এবং উন্নয়ন খাতে ২২০,০০,০০,০০০/- (দুইশত বিশ) টাকাসহ সর্বমোট ৩৫০,০০,০০,০০০/- (তিনশত পঞ্চাশ কোটি) টাকা বরাদ্দ প্রদান করা হয়। এই অর্থ শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় এবং এর আওতাধীন অধিদপ্তর/সংস্থাসমূহ এবং প্রকল্প ওয়ারি বরাদ্দ প্রদান করার প্রেক্ষিতে ২০২০-২১ অর্থ-বছরের নিম্নোক্ত সংশোধিত বাজেট প্রস্তাব সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়।

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় এবং এর আওতাধীন অধিদপ্তর/সংস্থাসমূহের ২০২০-২১ অর্থ-বছরের সংশোধিত বাজেট:

ক্রমিক নং	মন্ত্রণালয়/বিভাগ	(হাজার টাকা)		মন্তব্য
		বাজেট ২০২০-২১	প্রস্তাবিত সংশোধিত বাজেট ২০২০-২১	
১।	শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়	২১,৭৫,৩২	২১,৩৮,৩২	
	আন্তর্জাতিক প্রতিষ্ঠানের চাঁদা (আইএলও চাঁদা)	৩৯,০০	৭৬,০০	
	মোট	২২,১৪,৩২	২২,১৪,৩২	পরিশিষ্ট-খ
২।	শ্রম অধিদপ্তর	৪৫,১০,০০	৪২,৪৭,৪৫	পরিশিষ্ট-গ
৩।	কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর	৪৬,৪৯,১৮	৪৪,৯৪,৪৩	পরিশিষ্ট-ঘ
৪।	শ্রম আপীল ট্রাইব্যুনাল ও শ্রম আদালতসমূহ	১৪,২৬,৫০	১২,৯১,৫০	পরিশিষ্ট-ঙ
৫।	নিম্নতম মজুরী বোর্ড	২,০০,০০	১,৩৭,৩২	পরিশিষ্ট-চ
	মোট পরিচালন	১৩০,০০,০০	১২৩,৮৫,০২	
	উন্নয়ন	২২০,০০,০০	১৭৪,৩৯,৫০	পরিশিষ্ট-ছ
	সর্বমোট	৩৫০,০০,০০	২৯৮,২৪,৫২	

২। শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় এবং এর আওতাধীন অধিদপ্তর/সংস্থাসমূহের ২০২০-২১ অর্থ-বছরে কর ব্যতীত রাজস্বপ্রাপ্তি বাবদ নিম্নোক্ত সংশোধিত বাজেট প্রস্তাব সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়।

রাজস্বপ্রাপ্তির সংশোধিত প্রস্তাব


(হাজার টাকা)

ক্রমিক নং	মন্ত্রণালয়/বিভাগ	বাজেট	প্রস্তাবিত সংশোধিত বাজেট	মন্তব্য
		২০২০-২১	২০২০-২১	
১।	শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়	৪৪,৪৯	৪৪,৪৯	পরিশিষ্ট-জ
২।	শ্রম অধিদপ্তর	৯০,০০	৯০,০০	পরিশিষ্ট-ঝ
৩।	কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর	৮,৭৬,০০	৮,৭৬,০০	পরিশিষ্ট-ঞ
৪।	শ্রম আপীল ট্রাইব্যুনাল ও শ্রম আদালতসমূহ	১,৫৭,৩৯	১,৫৭,৩৯	পরিশিষ্ট-ট
৫।	নিম্নতম মজুরী বোর্ড	১২	১২	পরিশিষ্ট-ঠ
	সর্বমোট	১১,৬৮,০০	১১,৬৮,০০	

৩। উন্নয়ন:

২০২০-২১ অর্থ-বছরে উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের জন্য উন্নয়ন খাতে সর্বমোট ২২০,০০,০০,০০০/- (দুইশত বিশ কোটি) টাকা মঞ্জুরী ও বরাদ্দ প্রদান করা হয়। উক্ত বরাদ্দ নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। উপসচিব (পরিকল্পনা) সভায় অবহিত করেন যে, ২০২০-২১ অর্থ-বছরে সংশোধিত বাজেটে পরিপত্র অনুযায়ী জিওবি অংশে ৭৫% এবং বৈদেশিক সাহায্যপুষ্ট প্রকল্প বরাদ্দ অংশে ১০০% নিয়ে মোট ১৭৪,৩৯,৫০,০০০/- (একশত চুয়ান্ন কোটি উনচল্লিশ লক্ষ পঞ্চাশ হাজার) টাকার সংশোধিত বাজেট প্রস্তুত করা হয়েছে। কিন্তু কয়েকটি প্রকল্প সমাপ্তির পর্যায়ে থাকায় তিনি ২১৭,২১,২৩,০০০/- (দুইশত সতের কোটি একুশ লক্ষ তেইশ হাজার) টাকা প্রয়োজন বলে সভায় অবহিত করলে পরিকল্পনা কমিশনের সভায় প্রয়োজনীয় বরাদ্দ প্রাপ্তির জন্য প্রস্তাব উত্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। এক্ষেত্রে পরিকল্পনা অধিশাখা হতে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবেন।

৪। অতঃপর সভায় আর কোন আলোচনা বিষয় না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(কে এম আব্দুস সালাম)

সচিব

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়